গাংনী দলিল লেখক সমিতির সভাপতি তোফাজ, সম্পাদক রাশেদুল

মেহেরপুরের গাংনী উপজেলা দলিল লেখক সমিতির নতুন কমিটি গঠন করা হয়েছে। সমিতির সকল সদস্যের সর্বসম্মতিক্রমে ১১ সদস্যবিশিষ্ট এ কমিটি গঠন করা হয়।

গতকাল শনিবার সকালে গাংনী উপজেলার দলিল লেখক, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সাংবাদিকদের উপস্থিতিতে নবগঠিত কমিটির সদস্যদের নাম ঘোষণা করা হয়।

নবগঠিত কমিটিতে তোফাজ রানা সভাপতি, রাশেদুল ইসলাম সাধারণ সম্পাদক এবং রফিকুল ইসলাম সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন।

সমিতির প্রবীণ ও নবীন সদস্যদের সম্মতিক্রমে গঠিত নতুন কমিটির মাধ্যমে দলিল লেখকদের পেশাগত বিভিন্ন সমস্যা ও স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে কার্যকর ভূমিকা রাখার পাশাপাশি সমিতির সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করার উদ্যোগ নেওয়া হবে বলে জানান সংশ্লিষ্টরা।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম বলেন, “বিগত সময়ে আমি অনেক নির্যাতনের শিকার হয়েছি। আমার ওপর অর্পিত নতুন দায়িত্ব সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করব। দলিল লেখকদের সম্মান ও অধিকার রক্ষায় কাজ করতে চাই। আগামী দিনে গাংনী উপজেলা দলিল লেখক সমিতির সদস্যরা যাতে সম্মানের সঙ্গে জীবনযাপন করতে পারেন, সে লক্ষ্যে কাজ করে যাব।”

তিনি বাহাগুন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করছেন বলে জানা গেছে।

নবনির্বাচিত নেতৃবৃন্দ জানান, দলিল লেখকদের পেশাগত স্বার্থ সংরক্ষণ, বিভিন্ন সমস্যা সমাধানে ভূমিকা রাখা এবং সমিতির কার্যক্রমকে আরও সুসংগঠিত করাই নবগঠিত কমিটির অন্যতম লক্ষ্য।

উল্লেখ্য, গাংনী উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি ফাকের আলীর মৃত্যুতে সভাপতির পদটি শূন্য হয়। পরে সমিতির সদস্যদের সর্বসম্মতিক্রমে নতুন কমিটি গঠন করা হয়।

গাংনীতে পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ উদ্বোধনী ম্যাচে কাথুলী লাল দল জয়ী

“মাদকদ্রব্য ত্যাগ করি, কিশোর গ্যাং নির্মূল করি, সুস্থ-সবল জীবন গড়ি” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের গাংনী উপজেলায় জেলা পুলিশের আয়োজনে শুরু হয়েছে ইউনিয়নভিত্তিক কাবাডি প্রতিযোগিতা।

শুক্রবার বিকেলে গাংনী উপজেলার কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজ মাঠে ‘পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ টুর্নামেন্ট ২০২৬’-এর উদ্বোধনী ম্যাচ অনুষ্ঠিত হয়। উদ্বোধনী খেলায় কাথুলী ইউনিয়ন লাল দল ৪১-৩২ পয়েন্টে কাথুলী ইউনিয়ন সবুজ দলকে পরাজিত করে জয় দিয়ে টুর্নামেন্টের শুভ সূচনা করে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) জামিনুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী।

এ সময় ধলা ক্যাম্পের ইনচার্জ পলাশ পারভেজ, কাথুলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান হুছাইন মাহমুদ, ইউপি সদস্য আজমাইন হোসেন টুটুল ও আনারুল ইসলাম, কাথুলী ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমির, বিএনপি নেতা সাজ্জাদ হোসেন পলাশ, হুদা, খোরশেদ আলম খুশি, কুদ্দুস ও রহিদুল ইসলামসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) জামিনুর রহমান বলেন, যুবসমাজকে মাদক ও কিশোর গ্যাংয়ের মতো অপরাধমূলক কর্মকাণ্ড থেকে দূরে রেখে সুস্থ-সবল জীবন গড়ে তোলার লক্ষ্যেই এই কাবাডি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। খেলাধুলাই পারে তরুণ প্রজন্মকে সঠিক পথে পরিচালিত করতে।

উদ্বোধনী ম্যাচকে কেন্দ্র করে কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজ মাঠে স্থানীয় ক্রীড়াপ্রেমী ও দর্শকদের উপচে পড়া ভিড় দেখা যায়। টানটান উত্তেজনার মধ্য দিয়ে দর্শকরা ম্যাচটি উপভোগ করেন।

আয়োজকরা জানান, টুর্নামেন্টের পরবর্তী ম্যাচগুলোতেও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলা উপহার দেওয়ার প্রত্যাশা রয়েছে।

গাংনীর কাজিপুর সীমান্তে ১২ লাখ টাকা মূল্যের মাদক উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুরের মাঠপাড়া নামক এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ০৮ বোতল ভারতীয় মদ, ৪,০০০ পিস সাইপ্রোহেপ্টাডিন উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

গতকাল বৃহস্পতিবার রাতে কাজিপুরের মাঠপাড়া এলাকায় অভিযান চালিয়ে এসব মালামাল উদ্ধার করা হয়।

বিজিবির প্রেস বিজ্ঞপ্তির সূত্রে জানা গেছে কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ মাঠপাড়া থেকে মালিকবিহীন অবস্থায় ০৮ বোতল ভারতীয় মদ, ৪,০০০ পিস সাইপ্রোহেপ্টাডিন উদ্ধার করা হয় যার আনুমানিক মূল্য ১২,১২,০০০ টাকা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদকদ্রব্যের অনুপ্রবেশ, চোরাচালান, অবৈধ পারাপারসহ সকল প্রকার সীমান্ত অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করে আসছে।

সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং সীমান্ত অপরাধ দমনে বিজিবির এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

গাংনীর কামারখালী সড়কে গাছ ফেলে ডাকাতি

মেহেরপুরের গাংনীতে গলায় দেশীয় অস্ত্র ঠেকিয়ে টাকা ও স্বর্ণালংকার ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাত ১২টার দিকে উপজেলার মটমুড়া ইউনিয়নের কামারখালী সড়কে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, কামারখালী সড়কে ডাকাতির ঘটনায় তারা আতঙ্কিত। ডাকাত সদস্যরা রাস্তায় গাছ ফেলে একটি মাইক্রোবাসের গতিরোধ করে নগদ টাকা ও স্বর্ণালংকার ছিনিয়ে নেয়। এর আগেও এ এলাকায় ডাকাতির ঘটনা ঘটেছে। রাতে এ সড়ক দিয়ে চলাচলকারী যাত্রীদের জন্য পরিস্থিতি নিরাপদ নয় বলে দাবি করেন তারা। এ কারণে পুলিশের টহল আরও জোরদার করার দাবি জানান স্থানীয়রা।

ভুক্তভোগী কামরুল ইসলাম বলেন, “আমরা কুষ্টিয়া থেকে রোগী দেখে মাইক্রোবাসযোগে কামারখালী সড়ক দিয়ে বাড়ি ফিরছিলাম। এ সময় ডাকাত সদস্যরা রাস্তায় গাছ ফেলে আমাদের গতিরোধ করে। তারা প্রথমে আমাদের ও বাচ্চাদের গলায় হাঁসুয়া ধরে। ডাকাত সদস্যরা বলেন, কথা বললেই জবাই করা হবে। পরে আমাদের কাছে থাকা নগদ টাকা ও স্বর্ণালংকারসহ সব ছিনিয়ে নেয়। তবে মোবাইল ফোন দিয়ে দেয়। এভাবে যদি রাস্তায় ডাকাতি হতে থাকে, তাহলে মানুষের নিরাপত্তা কোথায়?”

তিনি আরও বলেন, ডাকাত সদস্যদের কাছে হাঁসুয়া, রামদা ও তলোয়ার ছিল। এ সময় তাদের মুখ বাঁধা ছিল। তার কাছে ২ হাজার ৫০০ টাকা ছিল, অনুরোধ করা সত্ত্বেও সেটিও নিয়ে নেয় ডাকাতরা।

মো. ইদ্রিস আলী বলেন, “আমরা কুষ্টিয়া থেকে রোগী দেখে বাড়ি ফেরার পথে কামারখালী সড়কে পৌঁছালে ডাকাত সদস্যরা আমাদের গতিরোধ করে ঘিরে ফেলে। এরপর গাড়ির লাইট বন্ধ করে দেয়। তারা বলে, বেশি নড়াচড়া করলে গাড়ির ভেতর বোমা মেরে দেবে। আমার কাছে ১০ হাজার টাকা ছিল, সেই টাকা নিয়ে নেয়। এরপর মেয়েদের কাছে থাকা স্বর্ণালংকার নিয়ে যায়। পরে গাড়ির চাবি ফেরত দিয়ে বলে, লাইট বন্ধ করে চলে যেতে।”

তিনি জানান, গাড়িতে ১২ থেকে ১৩ জন ছিলেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মটমুড়া ইউনিয়ন পরিষদের ৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. ফারুক হোসেন বলেন, মঙ্গলবার রাত আনুমানিক ১২টার দিকে কামারখালী সড়কে ডাকাতির ঘটনা ঘটে। লোকজনের কাছ থেকে টাকা ও স্বর্ণালংকার ছিনিয়ে নেওয়া হয়। সংবাদ পেয়ে দ্রুত ঘটনাস্থলে পুলিশ আসে। বিষয়টি নিয়ে পুলিশ কাজ করছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, ছিনতাই চক্রের সদস্যদের আটক করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

২৪ ঘণ্টার মধ্যে ১১ নেতার পদত্যাগ

কার্যক্রম নিষিদ্ধ থাকা অবস্থায় মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের ৭১ সদস্যবিশিষ্ট নতুন কমিটি ঘোষণার ২৪ ঘণ্টা না পেরোতেই কমিটির ১১ নেতা পদত্যাগ করেছেন।

ব্যক্তিগত কারণ ও তাদেরকে না জানিয়ে কমিটি ঘোষণা করা হয়েছে এমন অভিযোগ তুলে গতকাল সোমবার রাতে যুবলীগের কেন্দ্রীয়

সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবর তারা পদত্যাগপত্র পাঠিয়েছেন। তবে এখন পর্যন্ত পৌর যুবলীগের কোন সদস্য পদত্যাগ করেনি বলে জানা গেছে।

পদত্যাগ পত্রের অনুলিপি জেলা যুবলীগের আহ্বায়ককেও দেওয়া হয়েছে। একই সঙ্গে পদত্যাগপত্রের কপি সাংবাদিকদের কাছেও সরবরাহ করা হয়েছে।

জানা গেছে, গত সোমবার দুপুরে কেন্দ্রীয় যুবলীগের সাবেক সদস্য ও সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনের ছেলে অ্যাডভোকেট হুমায়ুন কবিরকে সভাপতি এবং গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনকে সাধারণ সম্পাদক করে ৭১ সদস্যবিশিষ্ট গাংনী উপজেলা যুবলীগের কমিটি ঘোষণা করা হয়।

অন্যদিকে, গাংনী পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি অ্যাডভোকেট মানিককে সভাপতি এবং সাবেক যুবলীগের দপ্তর সম্পাদক জুবায়ের হোসেন উজ্জ্বলকে সাধারণ সম্পাদক করে গাংনী পৌর যুবলীগের ৭১ সদস্যবিশিষ্ট কমিটিও ঘোষণা করা হয়েছে।

উপজেলা কমিটি ঘোষণার পরপরই পদত্যাগ করা নেতাদের মধ্যে রয়েছেন—সহ-সভাপতি আনোয়ার পাশা, মজিরুল ইসলাম, আবুল বাশার ও আব্দুল আলীম; ত্রাণ সম্পাদক সুজন আলী; সমাজকল্যাণ সম্পাদক আশিকুর রহমান আকাশ; ক্রীড়া সম্পাদক সজিবুর রহমান; মাজহারুল ইসলাম; সদস্য আলমগীর হোসেন; সহ-সম্পাদক লিখনউদ্দিন। পদত্যাগকারীদের তালিকায় মোট ১২ জনের নাম রয়েছে। এদিকে, কার্যক্রম নিষিদ্ধ থাকা যুবলীগের উপজেলা ও পৌর কমিটি গঠন এবং ঘোষণার পরপরই একাধিক নেতার পদত্যাগের ঘটনায় স্থানীয় রাজনৈতিক অঙ্গনে আলোচনা সৃষ্টি হয়েছে।

এ বিষয়ে মেহেরপুর জেলা যুবলীগ ও কেন্দ্রীয় যুবলীগের ঊর্ধ্বতন নেতাদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের বক্তব্য পাওয়া যায়নি।

গাংনী উপজেলা যুবলীগের সভাপতি অ্যাডভোকেট হুমায়ূন কবিরের ব্যবহৃত মোবাইল ফোনে কল দেয়া হলে তিনি রিসিভ করেননি।

গাংনীর কাজিপুর সীমান্তে ১১ লাখ টাকা মূল্যের মাদক উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুরের শেওড়াতলা মাঠ এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ৬ বোতল ভারতীয় মদ, ৭৫০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৩ হাজার পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

সোমবার রাতে কাজিপুরের শেওড়াতলা মাঠ এলাকায় অভিযান চালিয়ে এসব মাদকদ্রব্য উদ্ধার করা হয়।

বিজিবির প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা গেছে, কাজিপুর বিওপির

দায়িত্বপূর্ণ শেওড়াতলা মাঠ এলাকা থেকে মালিকবিহীন অবস্থায় ৬ বোতল ভারতীয় মদ, ৭৫০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট ও ৩ হাজার পিস সাইপ্রোহেপ্টাডিন ট্যাবলেট উদ্ধার করা হয়। উদ্ধার করা মাদকদ্রব্যের আনুমানিক মূল্য ১১ লাখ ৩৪ হাজার টাকা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদকদ্রব্যের অনুপ্রবেশ, চোরাচালান, অবৈধ পারাপারসহ সব ধরনের সীমান্ত অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করে আসছে।

সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং সীমান্ত অপরাধ দমনে বিজিবির এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৬০ অসহায় নারীর মাঝে সেলাই মেশিন বিতরণ

আত্মকর্মসংস্থান সৃষ্টি ও অসচ্ছল পরিবারগুলোকে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৬০টি অসহায় পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

সোমবার গাংনী উপজেলা মিলনায়তনে ‘সেলাই মেশিন বিতরণ-২০২৬’ শীর্ষক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে উপকারভোগীদের হাতে এসব সেলাই মেশিন তুলে দেওয়া হয়।

জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা এইচ. এম. সালাউদ্দীন মনজুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব) মো. নাবিদ হোসেন।

অনুষ্ঠানে ৬০ জন অসহায় ও হতদরিদ্র নারীর হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হয়। বক্তারা বলেন, পিছিয়ে পড়া ও দুস্থ নারী-পুরুষকে

অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সেলাই মেশিন কাজে লাগিয়ে উপকারভোগীরা নিজেদের কর্মসংস্থান সৃষ্টি, পারিবারিক আয় বৃদ্ধি এবং জীবিকা নির্বাহে সক্ষম হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন তারা।

জেলা পরিষদের প্রধান সহকারী জাহিদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রোকনউদ্দিন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, উপজেলা বিএনপির সভাপতি আলফাস উদ্দিন কালু, পৌরসভা বিএনপির সাধারণ সম্পাদক শহিদুর রহমান, জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং উপকারভোগী পরিবারের সদস্যরা।

সেলাই মেশিন পেয়ে উপকারভোগী অসহায় নারীরা জেলা পরিষদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সড়ক ও পানিতে কেড়ে নিলো তিন শিশুর প্রাণ

মেহেরপুরের মুজিবনগর ও গাংনীতে পৃথক দুর্ঘটনায় তিন শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে মুজিবনগরে ইজিবাইকের ধাক্কায় ৭ বছরের এক শিশু ও ট্রাকের চাপায় ১১ বছরের আরেক শিশু নিহত হয়েছে। এছাড়া গাংনীতে পুকুরের পানিতে ডুবে মারা গেছে দুই বছরের এক শিশু।

রোববার বিকেল পৌনে ৫টার দিকে মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের মহসিন মার্কেটের সামনে ইজিবাইকের ধাক্কায় জান্নাতুল খাতুন (৭) নামে এক শিশু নিহত হয়। নিহত জান্নাতুল মহাজনপুর গ্রামের কারিগরপাড়ার শিল্টনের মেয়ে। সে স্থানীয় মহাজনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ছিল।

অন্যদিকে, একই উপজেলার মানিকনগর এলাকায় ট্রাকের চাপায় নাবিল (১১) নামে আরেক শিশু নিহত হয়েছে। ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

এদিকে, গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে পুকুরের পানিতে ডুবে আরিশা খাতুন (২) নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

গতকাল রোববার দুপুর দেড়টার দিকে এ ঘটনা ঘটে। নিহত আরিশা ওই গ্রামের রাকিবুল ইসলামের মেয়ে।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে আরিশা বাড়িতে মোবাইল ফোন দেখতে দেখতে ভাত খাচ্ছিল। খাওয়া শেষে মোবাইল ফোন নিয়ে বাড়ির পাশে খেলতে যায় সে। একপর্যায়ে পরিবারের সদস্যদের অজান্তে বাড়ির পাশের পুকুরে পড়ে যায়। কিছুক্ষণ পর তাকে দেখতে না পেয়ে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করেন। পরে পুকুরের পানিতে ভাসমান অবস্থায় তাকে উদ্ধার করে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত শিশুর ফুফু চুমকি খাতুন জানান, আরিশা মোবাইল দেখতে দেখতে ভাত খাচ্ছিল। খাওয়া শেষে মোবাইল নিয়েই খেলতে যায়। পরে বাড়ির পাশের পুকুরে পড়ে যায় সে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক মাহবুবুর রহমান নয়ন জানান, হাসপাতালে নেওয়ার আগেই শিশুটির মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, পানিতে ডুবে শিশুর মৃত্যুর ঘটনায় অপমৃত্যুর মামলা করা হবে। একই সঙ্গে পুকুর ও অন্যান্য জলাশয়ের আশপাশে শিশুদের চলাফেরার সময় অভিভাবকদের আরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে আরিশা খাতুন (২) নামে এক

শিশুর মৃত্যু হয়েছে। রোববার (১৩ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের করমদি গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত আরিশা খাতুন করমদি গ্রামের রাকিবুল ইসলামের মেয়ে।

স্থানীয়রা জানান, দুপুরে বাড়ির পাশে পুকুরপাড়ে খেলছিল আরিশা। একপর্যায়ে সবার অজান্তে সে পুকুরের পানিতে পড়ে যায়। কিছুক্ষণ পর পরিবারের লোকজন তাকে দেখতে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন। পরে পুকুরের পানিতে ভাসমান অবস্থায় আরিশাকে উদ্ধার করা হয়।

পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক মাহবুবুর রহমান নয়ন জানান, হাসপাতালে নেওয়ার আগেই শিশুটির মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, পানিতে ডুবে শিশুর মৃত্যুর ঘটনায় অপমৃত্যুর মামলা করা হবে। একই সঙ্গে পুকুর ও জলাশয়ের আশপাশে শিশুদের চলাফেরার সময় অভিভাবকদের আরও সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

গাংনীতে দর্জি প্রশিক্ষণার্থীদের ভাতা আত্মসাতের অভিযোগ

মেহেরপুরের গাংনীতে অসচ্ছল নারীদের স্বাবলম্বী করার উদ্দেশ্যে পরিচালিত সরকারি দর্জি প্রশিক্ষণ কর্মসূচিতে চরম অনিয়ম ও অর্থ আত্মসাতের অভিযোগ উঠেছে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুনের বিরুদ্ধে ৩০ জন দুস্থ প্রশিক্ষণার্থীর মাসিক ভাতা ও প্রশিক্ষণের মালামাল ক্রয়ের বরাদ্দকৃত টাকা আত্মসাতের অভিযোগ করেছেন ভুক্তভোগীরা।

উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ৩১ আগস্ট বিকেলে সরেজমিনে গিয়ে জানা যায়, এপ্রিল থেকে জুন ২০২৬ মেয়াদে তিন মাসব্যাপী এই দর্জি প্রশিক্ষণে গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের ৩০ জন অসচ্ছল নারী অংশ নেন। নিয়ম অনুযায়ী প্রশিক্ষণার্থীদের প্রতি মাসে ২ হাজার টাকা করে ভাতা দেওয়ার কথা।

কিন্তু ভুক্তভোগীদের অভিযোগ, এপ্রিল মাসে পূর্ণ ভাতা পেলেও মে মাসে দেওয়া হয় মাত্র ১ হাজার ৭০০ টাকা। পরবর্তীতে জুন মাসের ভাতার টাকা উত্তোলন করা হলেও রেভিনিউ স্ট্যাম্পে স্বাক্ষর করিয়ে নিয়ে প্রশিক্ষণার্থীদের কোনো টাকাই দেওয়া হয়নি।

ভোমরদহ গ্রামের প্রশিক্ষণার্থী ইতি খাতুন জানান, “জুন মাসের ভাতা দেওয়ার কথা বলে আমাদের দিয়ে স্ট্যাম্পে স্বাক্ষর করিয়ে নেওয়া হয়েছে, কিন্তু সরকারি তহবিল থেকে টাকা উঠিয়েও আমাদের এক টাকাও দেওয়া হয়নি।”

একই অভিযোগ করেছেন শিশিরপাড়া গ্রামের চামেলী ও জেসমিন খাতুন এবং গাড়াডোব গ্রামের ছকিনা ও জেসমিন খাতুন।

ভুক্তভোগীদের আশঙ্কা, ভাতার টাকা কম দেওয়ার পাশাপাশি জাল স্বাক্ষর তৈরি করে অতিরিক্ত টাকাও আত্মসাৎ করা হয়ে থাকতে পারে। শুধু ভাতা আত্মসাতের অভিযোগই নয়, প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত সরকারি মালামাল নিয়েও অনিয়মের অভিযোগ উঠেছে। নীতিমালার তোয়াক্কা না করে প্রশিক্ষণার্থীদের সিট কাপড়, কাঁচি, সুতা, মেজারমেন্ট টেপ ও স্কেলসহ যাবতীয় প্রয়োজনীয় সরঞ্জাম নিজ খরচে বাড়ি থেকে কিনে আনতে বাধ্য করা হয়েছে বলে অভিযোগ করেছেন তারা।

এ ছাড়া অভিযুক্ত কর্মকর্তা মেহেরপুর জেলা কার্যালয়ে অতিরিক্ত দায়িত্বে থাকায় সেখানেও একই ধরনের অনিয়ম হয়ে থাকতে পারে বলে স্থানীয়দের সন্দেহ।

এ বিষয়ে জানতে চাওয়া হলে অভিযুক্ত গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন সাংবাদিকদের ওপর ক্ষিপ্ত হন। জুন মাসের সরকারি টাকা উত্তোলনের বিষয়টি স্বীকার করে তিনি দাবি করেন, “২ আগস্ট নির্দেশনা এসেছে টাকাগুলো না দেওয়ার জন্য।”

তবে সরকারি অর্থ উত্তোলন করে এক মাসেরও বেশি সময় নিজের কাছে রাখার কারণ ও বাজেটের বিস্তারিত তথ্য দিতে তিনি অস্বীকৃতি জানান এবং সাংবাদিকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন।

অভিযোগের বিষয়ে গাংনী উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাবিদ হোসেন বলেন, বিষয়টি সম্পর্কে তিনি সদ্য অবগত হয়েছেন এবং ঘটনাটি দ্রুত খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায় এ বিষয়ে কঠোর হুঁশিয়ারি দিয়ে জানান, সরকারি প্রকল্পে কোনো ধরনের দুর্নীতি বা অনিয়ম সহ্য করা হবে না। প্রাথমিক তদন্তে দোষ প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি বিধি অনুযায়ী কঠোর বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

দুস্থ নারীদের সহায়তায় বাস্তবায়িত এই প্রকল্পে অনিয়মের সুষ্ঠু তদন্ত এবং আত্মসাৎকৃত ভাতা অবিলম্বে ফেরতের জোর দাবি জানিয়েছেন ভুক্তভোগী নারীরা।